# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় : হজের মূল পর্ব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১১, ১২ বা ১৩ তারিখে পাথর মারা সংক্রান্ত কিছু ভুল-ত্রুটি

- অনেক হাজী সাহেব সূর্য হেলে যাওয়ার পূর্বেই ১১, ১২ বা ১৩ তারিখ জামরায় কঙ্কর নিক্ষেপ করে থাকেন। এটা অবশ্যই ভুল। এতে করে তার কঙ্কর নিক্ষেপ হয় না। তাকে অবশ্যই সেটা সূর্য পশ্চিমাকাশে হেলে যাওয়ার পর নিক্ষেপ করতে হবে। কারণ সময়ের আগে কোন ইবাদত গ্রহণযোগ্য নয়।
- কোনো কোনো হজ কাফেলার নেতাদেরকে দেখা যায় যে, তারা ১১ তারিখ মধ্য রাতের পর হাজী সাহেবদেরকে নিয়ে মিনা ত্যাগ করে চলে যান। রাতের বাকি অংশ মক্কায় যাপন করে পরদিন যোহরের পর মক্কা থেকে এসে কঙ্কর নিক্ষেপ করেন তারপর আবার মক্কায় চলে যান। এমন করা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর আদর্শের পরিপন্থি। বিশেষ অসুবিধায় না পড়লে এরূপ করা উচিৎ নয়। আর মিনায় রাত ও দিন উভয়টাই যাপন করা উচিত। কেননা মিনায় রাত্রিযাপন যদি ওয়াজিবের পর্যায়ে পড়ে থাকে তাহলে দিন যাপন করা অবশ্যই সুন্নত, এতে কোনো সন্দেহ নেই। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দিন ও রাত উভয়টাই মিনায় যাপন করেছেন।
- অনেক মুতা'আজ্জেল তথা দ্রুতপ্রস্থানকারী হাজী সাহেব পরের দিনের কঙ্করগুলো এদিনের কঙ্কর নিক্ষেপের সাথে মেরে থাকেন। এটা মোটেই ঠিক নয়। কারণ এটিও সময়ের পূর্বে করা হচ্ছে, যা সহীহ নয়। তাই তাদেরকে এ কাজ থেকে বিরত থাকতে হবে।

অনেকে ১২ তারিখ কঙ্কর নিক্ষেপের পর মিনা ছেড়ে দ্রুতপ্রস্থান করেন; কিন্তু তিনি মক্কায় রাত্রি যাপন করে পরদিন ১৩ তারিখ আবার মিনায় পাথর মারতে আসেন। এটা ঠিক নয়। এ কাজের কোন মূল্য নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7441

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন